গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
পরিকল্পনা কৌশল বিভাগ

**বিষয়: পেট্রোবাংলার ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী আওতাধীন কোম্পানিসমূহের দাখিলকৃত ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মূল্যায়ন ও ফিডব্যাক প্রদানের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
তারিখ : ৩১.১০.২০২৪ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : অনলাইন (জুম এপস)
উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি ২০২৪-২৫ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ১ম কোয়ার্টারের (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪) প্রকৃত অর্জনের ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা উপস্থাপন করেন। ২০২৪-২৫ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানিই যথাসময়ে ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করায় তিনি কোম্পানিসমূহের নৈতিকতা কমিটিকে ধন্যবাদ প্রদান করেন। ১ম কোয়ার্টারে কোম্পানিসমূহের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার সারসংক্ষেপ নিম্নরূপঃ

| ক্রম | কোম্পানির নাম | মূল্যায়ন/মন্তব্য | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ২ | বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ৩ | সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড (এসজিএফএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ৪ | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ৫ | তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ৬ | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |

| | | | |
|---|---|---|---|
| ৭ | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়াগেছে। | ১০ |
| ৮ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ৯ | জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) | সন্তোষজনক। লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ১০ | সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ১১ | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল) | সন্তোষজনক। সকল লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ১২ | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) | সন্তোষজনক। সকল লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |
| ১৩ | মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) | সন্তোষজনক এবং লক্ষ্যমাত্রা অর্জনের সঠিক প্রমাণক পাওয়া গেছে। | ১০ |

০২। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ১ম কোয়ার্টারের (জুলাই ২০২৪-সেপ্টেম্বর ২০২৪) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সকল কোম্পানির প্রতিবেদনই সন্তোষজনক। প্রতিবেদনের সাথে যথাযথভাবে সকল প্রমাণক সংযুক্ত থাকায় কোম্পানিসমূহের প্রতিনিধিদেরকে বিশেষ ধন্যবাদ জানানো হয়।

০৩। সভার এ পর্যায়ে সভাপতি কোম্পানিসমূহের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে সরকারি ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিতকল্পে পিপিআর-২০০৮, ইলেক্ট্রনিক টেন্ডার (ই-জিপি), সঠিকভাবে ও যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল ইত্যাদি বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য উপস্থিত কোম্পানিসমূহের প্রতিনিধিগণকে নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত অংশীজন সভাসমূহে বিভিন্ন পর্যায়ের অংশীজনের স্বতঃস্ফুর্ত মতামত/পরামর্শ প্রদান এবং সেবাদাতা ও সেবাগ্রহীতার মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নের বিষয়গুলো নিশ্চিতের জন্য অনলাইনের পরিবর্তে অংশীজনদের স্বশরীরে অংশগ্রহণে সভা আয়োজন করতে সভাপতি উপস্থিত কোম্পানিসমূহের প্রতিনিধিগণকে পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সদস্যদেরকে নিজ নিজ কোম্পানির প্রতি কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে দাখিলের অনুরোধ জানান। পরিশেষে প্রত্যেক কোম্পানির ফোকাল পয়েন্টদের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সার্বিক তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) কোম্পানিসমূহের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত পিপিআর-২০০৮, ইলেক্ট্রনিক টেন্ডার (ই-জিপি), আয়কর রিটার্ন দাখিল ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে;

খ) অনলাইনের পরিবর্তে অংশীজনের অংশগ্রহণ নিশ্চিত করে অংশীজন সভা আয়োজন করা যেতে পারে; এবং;

গ) প্রতি কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রকৌ. বিশ্বজিৎ সাহা)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল)
ও
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি
পেট্রোবাংলা

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক (সকল কোম্পানি), পেট্রোবাংলা।
২। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানি।